

আত-তাকভীর | At-Takwir | التَّكْوِير

আয়াতঃ ৮১ : ১৬

আরবি মূল আয়াত:

الْجَوَارِ الْكُنَّسِ ﴿١٦﴾

অনুবাদসমূহ:

যা চলমান, অদৃশ্য। — আল-বায়ান

চলে ও লুকিয়ে যায়, — তাইসিরুল

যা গতিশীল ও স্থিতিবান; — মুজিবুর রহমান

Those that run [their courses] and disappear - — Sahih International

১৬. যা চলমান, অপস্রয়মাণ,

-

তাফসীরে জাকারিয়া

১৬। যা চলমান হয়ে অদৃশ্য হয়ে যায়। [১]

[১] الْخَنَسِ থেকে উদ্দেশ্য নক্ষত্রমালা। এ শব্দটির উৎপত্তি خنس থেকে হয়েছে। যার অর্থ হল পিছন ফিরে চলে যাওয়া। এই নক্ষত্রপুঞ্জ দিনের বেলায় লোকের দৃষ্টি হতে লুকিয়ে যায় এবং নজরে আসে না। আর এই নক্ষত্রগুলি হল শনি, বৃহস্পতি, শুক্র ও বুধগ্রহ। এসব নক্ষত্র বিশেষ করে সূর্যের মুখোমুখি অবস্থিত। কেউ কেউ বলেন, এখানে সমস্ত নক্ষত্রকেই বোঝানো হয়েছে। কেননা, সমস্ত নক্ষত্রই নিজের অদৃশ্য হওয়ার স্থানে অদৃশ্য হয় কিংবা দিনের বেলায় গোপন থাকে। الْجَوَار শব্দের অর্থ হল চলমান। الْكُنَّس অর্থ, লুকিয়ে যাওয়া; যেমন, হরিণ নিজের জায়গা ও ঠিকানায় লুকিয়ে যায়। (অনেকে এখান হতে 'ব্লাক হোল'-এর তথ্য প্রমাণ করে থাকেন।)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5816>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন